



বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

নম্বর: ২৮.০১.০০০০.০১২.১৪.০০১.১৮-৬৩৭২

তারিখ: ০১ কার্তিক ১৪২৫
১৬ অক্টোবর ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ অনুসারে তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার নির্ধারণের আবেদনের ওপর গণশুনানি অন্তে উক্ত কোম্পানীসমূহ কর্তৃক ভোক্তাপর্যায়ে সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাসের বিদ্যমান মূল্যহার অপরিবর্তিত রাখা হলো।

২। তবে নিরাপত্তা জামানত, বিল পরিশোধ, বিল পৌছানো ইত্যাদি সম্পর্কিত কতিপয় নিয়মাবলী নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:

- (ক) গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪ এ নিরাপত্তা জামানতের পরিমাণ সংশ্লিষ্ট অনুচ্ছেদে ক্যাপটিভ পাওয়ার, শিল্প, চা-বাগান, বাণিজ্যিক এবং গৃহস্থালি গ্রাহকশ্রেণির ক্ষেত্রে উল্লিখিত “৩ (তিন)” মাসের পরিবর্তে “২ (দুই)” মাসের এবং “৬ (ছয়)” মাসের পরিবর্তে “৪ (চার)” মাসের বিলের সমপরিমাণ অর্থ নিরাপত্তা জামানত হিসাবে প্রদান করতে হবে। উক্ত নিয়মাবলীতে নিরাপত্তা জামানত জমা প্রদানের পদ্ধতি সংশ্লিষ্ট অনুচ্ছেদে ক্যাপটিভ পাওয়ার, শিল্প এবং চা-বাগান গ্রাহকশ্রেণির ক্ষেত্রে উল্লিখিত “এক-তৃতীয়াংশ” নগদের পরিবর্তে “৫০%” নগদ এবং “দুই-তৃতীয়াংশ” ব্যাংক গ্যারান্টির পরিবর্তে “৫০%” ব্যাংক গ্যারান্টি বা অন্য কোনো গ্রহণযোগ্য ইন্সট্রুমেন্টের মাধ্যমে নিরাপত্তা জামানত জমা প্রদান করতে হবে।
- (খ) প্রি-পেইড মিটার গ্রাহকের ক্ষেত্রে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবে না।
- (গ) গ্রাহক বিলে গ্যাসের মূল্যহার, ঘনমিটারে ঘণ্টাপ্রতি ও মাসিক অনুমোদিত লোড, চালনা খাঁচ (দৈনিক কর্মঘণ্টা ও মাসিক কার্যদিবস), ডাইভারসিটি ফ্যাক্টর এবং সরবরাহ চাপ (পিএসআইজি) উল্লেখ থাকতে হবে।
- (ঘ) সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে গ্যাস ব্যবহার/সরবরাহ মাসের পরবর্তী মাসের শেষ তারিখ পর্যন্ত বিলম্ব মার্শুল/সারচার্জ ব্যতীত বিল পরিশোধ করা যাবে। এরূপ সময়সীমার কমপক্ষে ১৫ (পনেরো) দিন পূর্বে গ্যাস বিতরণ কোম্পানী গ্রাহকের নিকট বিল পৌছাবে।
- (ঙ) ক্যাপটিভ পাওয়ার এবং শিল্প গ্রাহকের কো-জেনারেশন স্কীম অব্যাহতভাবে ৩ (তিন) মাস চালু থাকলে পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে উক্ত গ্রাহকের উল্লিখিত ৩ (তিন) মাসের মোট বিলের (সারচার্জ/বিলম্ব মার্শুল ব্যতীত) ওপর ০.২৫% (শূণ্য দশমিক ষ্টিশ শতাংশ) হারে রিবেট প্রদান করা হবে।

৩। ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার সম্পর্কিত কমিশনের অন্যান্য আদেশ অপরিবর্তিত থাকবে।

৪। এ আদেশ ১৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

M (1/F)
২৭/১০/১৮
DM (1/F)
২৭/১০/১৮

কমিশনের আদেশক্রমে,
২৭/১০/১৮
ড. মোঃ দিদারুল আলম
সচিব
ফোনঃ ৯১৪ ০১২৫